অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৯১০৮.০৩৫.৪৬.৪৭৮.২১-৬৮৮

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০ / ০২ আগস্ট ২০২৩

বিষয়ঃ মাননীয় হাইকোর্ট বিভাগ এবং মাননীয় আপীল বিভাগের আদেশ প্রতিপালনার্থে গেজেটের কার্যকারিতা স্থগিতের গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, **সিলেট** জেলার **বালাগঞ্জ** উপজেলার **বালাগঞ্জ** ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদসহ অন্যান্য সকল পদে নির্বাচিত প্রার্থীদের নাম বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০৮ জুন ২০২৩ তারিখে প্রকাশিত হয়। কিন্তু মাননীয় হাইকোর্ট বিভাগ এবং মাননীয় আপীল বিভাগের আদেশ প্রতিপালনার্থে চেয়ারম্যান পদে গেজেটের কার্যকারিতা স্থগিত সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৪ জুলাই ২০২৩ তারিখে প্রকাশিত হওয়ায় উক্ত গেজেটের ১৫ (পনের) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদ্সংগে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া অন্য কোন মামলায় মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

০২/০৮/২৩
(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)
ফোনঃ ৫৫০০৭৫৬৫
ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭
মোবাইল:+৮৮-০১৫৫০০৪২০৫৩
mizanr63@yahoo.com

জেলা প্রশাসক
**সিলেট**

নং-১৭.০০.৯১০৮.০৩৫.৪৬.৪৭৮.২১-৬৮৮

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০ / ০২ আগস্ট ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, **সিলেট অঞ্চল সিলেট** (০২ কপি)
৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, **সিলেট (**০৩ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
৫। উপজেলা নির্বাহী অফিসার, **বালাগঞ্জ, সিলেট** (০২ কপি)
৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
৭। উপজেলা নির্বাচন অফিসার**, বালাগঞ্জ, সিলেট** (০২ কপি)
৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)।

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২৪, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ শ্রাবণ ১৪৩০/২৪ জুলাই ২০২৩

নং ১৭.০০.৯১০৮.০৩৫.৪৬.৪৭৮.২১-৬১৯।—মাননীয় আপীল বিভাগের বিজ্ঞ চেম্বার জজ আদালত সিএমপি নং-৯৫৩/২০২২ এর ১৪ ডিসেম্বর ২০২২ তারিখের আদেশে পক্ষগণকে আদেশ প্রদানের তারিখ হতে ০৮ (আট) সপ্তাহের জন্য স্থিতাবস্থা বজায় রাখার নির্দেশনা প্রদান করে রেগুলার লিভ পিটিশন দায়েরের নির্দেশনা প্রদান করেছেন। সিপিএলএ মামলাটি বিচারাধীন রয়েছে এবং সিএমপি নং-৯৫৩/২০২২ এ বিজ্ঞ চেম্বার জজ আদালত প্রদত্ত উক্ত স্থিতাবস্থার আদেশ বর্তমানে বহাল থাকায় মাননীয় আদালতের আদেশ প্রতিপালনার্থে মাননীয় নির্বাচন কমিশন এ পর্যায়ে এতদ্দ্বারা সিলেট জেলার বালাগঞ্জ উপজেলাধীন বালাগঞ্জ  ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০৮ জুন ২০২৩ তারিখে ৭২২৯নং পৃষ্ঠায় প্রকাশিত গেজেটে বর্ণিত ছকের ০১নং কলামের বিপরীতে ০২নং কলামে বর্ণিত মোঃ আব্দুল মুনিম এর নামে প্রকাশিত গেজেটের কার্যকারিতা স্থগিত করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা ।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০